



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে

### জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৯ মার্চ ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠিত হয়েছে অমর কথাসাহিত্যিক মিহির সেনগুপ্তের সাহিত্যকর্মে দক্ষিণ বাংলার জীবন ও সমাজ বিষয়ক আলোচনা সভা। ০৯ মার্চ ২০২৩ বিকাল ৩ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টার আয়োজিত এ আলোচনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। মুখ্য আলোচক ছিলেন লেখক ও বীর মুক্তিযোদ্ধা সুদীপ্তা ঘোষ। জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সহকারী অধ্যাপক সাকিবুল হাসান। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিশু মুক্তিযোদ্ধা কমল রায়, চাখার সরকারি ফজলুল হক কলেজের ভাইস প্রিন্সিপাল এ. এস. এম হাবিবুল ইসলাম, বাংলা সাহিত্যিক ও কবি গবেষক আসমা চৌধুরী এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সুমনা গুপ্ত। সভায় আলোচকগণ অমর কথাসাহিত্যিক মিহির সেনগুপ্তের সাহিত্যের নানান দিক তুলে ধরেন এবং তিনি তাঁর সাহিত্য কর্মের মাধ্যমে দক্ষিণ বাংলার জীবন ও সমাজ ব্যবস্থা যেভাবে ফুটিয়ে তুলেছেন তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ইংরেজি বিভাগের প্রভাষক প্রজ্ঞা পারমিতা বোসের সঞ্চালনায় অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণসহ আমন্ত্রিত অতিথিবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস